

ছিন্ন মন

- জয়তী রায়

মেঘ, বৃষ্টি, রোদ্দুর

ছেঁড়া ছেঁড়া নীল মেঘ

ধান সিঁড়িটির বাঁকে বাঁকে

নদীর জলধারা

গাঙ চিলেরা উড়ে, পাখাতে জলের দাগ অমলিন

স্নিগ্ধ বাঁশ পাতাতে ঢেকে থাকে -

সুন্দরী চাঁদ ॥

মৃত মানুষের চোখের মতন, পান্ডুর রাত

অবতরণ করে আমার শরীরে ॥

ঢেউ জাগে, ঢেউ ভাঙে, ঢেউ উঠে ও পড়ে

জলে, জঙ্গলে বিষ ঢেকে,

নষ্ট করে দিয়ে যায় সুন্দরী সবুজকে !

কন্যে, তাকে কোথায় খুঁজিস ?

সবুজ শ্যাওলার দল ঢেকে ফেলে রিক্ত জমি !

জন্ম নেয় বিষ আগাছার দল !

স্বপ্ন ও কী কীট দুষ্ট ?

সোনালী ভূমিতে ফিরে এসো তবে

তুমি !!